



ধানমন্ডি থেকে সাবেক স্পিকার শিরীন শারমিন চৌধুরী আটক



শিরীন শারমিন চৌধুরীক আটক। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের সাবেক স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে হেফাজতে নিয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। তাকে রাজধানীর মিস্টো রোডে ডিবি কার্যালয়ে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানা গেছে।

সোমবার (৬ এপ্রিল) দিবাগত রাতের শেষভাগে, আনুমানিক সাড়ে ৪টার দিকে ধানমন্ডির ৮/এ সড়কে অবস্থিত তার নিজ বাসা থেকে তাকে আটক করা হয়।

তবে এখনো পর্যন্ত কোন নির্দিষ্ট মামলায় বা কী অভিযোগের ভিত্তিতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে—সে বিষয়ে আনুষ্ঠানিকভাবে কিছু জানায়নি ডিবি। সংস্থাটির পক্ষ থেকে শুধু আটকের বিষয়টি নিশ্চিত করে বলা হয়েছে, বিস্তারিত তথ্য পরে জানানো হবে।

ড. শিরীন শারমিন চৌধুরী ২০১৩ সালের ৩০ এপ্রিল প্রথমবারের মতো স্পিকার নির্বাচিত হন এবং পরবর্তী সময়েও ধারাবাহিকভাবে এই দায়িত্ব পালন করেন। সর্বশেষ জাতীয় নির্বাচনের পরও তিনি একই পদে বহাল ছিলেন।

রংপুর-৬ আসন থেকে নির্বাচিত এই সংসদ সদস্য পরে রাজনৈতিক পরিবর্তনের প্রেক্ষাপটে, শেখ হাসিনা সরকারের পতনের ২৭ দিনের মাথায় স্পিকারের পদ থেকে পদত্যাগ করেন।